সংবাদ প্রতিদিন .in

২৭ অগ্রহায়ণ ১৪৩১ শুক্রবার ১৩ ডিসেম্বর ২০২৪

## St. Xavier's University

# নিউটাউনে নির্মিত হবে সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ভবন

রাজ্যের কাছে আরও ১০ একর জমি চাইল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

st xaviers university kolkata launches new courses along with infrastructural expansion




**সংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক:** নিউটাউনে সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের জন্য মোট ১৭ একর জমি বরাদ্দ করেছিল রাজ্য সরকার। এবার রাজ্য সরকারের কাছে আরও ১০ একর জমি চাইল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। প্রসঙ্গত, ২০১৮ সালে সাত একর জমিতে গড়ে তোলা হয়েছিল বিশ্ববিদ্যালয়ের মূল ভবন। বাকি দশ একরে এবার তৈরি হচ্ছে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ভবন। বিশ্ববিদ্যালয়ের তরফে এই ঘোষণা করা হয়েছে। নতুন ভবনে থাকবে ১৮০-র বেশি শ্রেণিকক্ষ।

প্রসঙ্গত, সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য রেভারেন্ড জন ফেলিক্স রাজ এই শহরে রয়েছেন পাঁচ দশকেরও বেশি সময় ধরে। এবছর তাঁর যাজকজীবনের ৫০ বছর পূর্তি। সেই সঙ্গেই কলকাতার সেন্ট জেভিয়ার্স (স্বশাসিত) কলেজকে দৃঢ় ভিত্তির উপরে স্থাপিত করার পিছনেও রয়েছে তাঁর বিরাট অবদান। তিনিই দক্ষিণ ২৪ পরগনার রাঘবপুরের ছাত্র ও ছাত্রী আবাস থেকে পিএইচডি কর্মসূচির মতো নানা বিষয়ের স্থাপনা করেছেন। তাঁর স্বপ্ন ছিল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়। যা সত্যি হয় ২০১৭ সাল থেকে। তাঁরই নেতৃত্বে এই প্রতিষ্ঠান জ্ঞানের ডানা মেলেছে। তিনি এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য।

উল্লেখ্য, আগামী বছরের শুরুতে ১৫ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হবে। ওই দিন ডিগ্রি দেওয়া হবে ৮৬০ জন পড়ুয়াকে। একই সঙ্গে পুরস্কৃত করা হবে কয়েকজন পিএইচডি স্কলারকেও।

এরই পাশাপাশি ২০২৫ শিক্ষাবর্ষ থেকে বেশ কিছু নতুন পাঠক্রমও চালু করার কথা ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ভবনে শুরু হবে এলএলএম কোর্স। পরে শুরু হবে বিটেক কোর্স এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিং-এর কিছু পাঠক্রম।